



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নম্বর-মশিবো/ময়মন/কলেজ/২০২৪/ ২০৮৭ (২০)

তারিখ-১৬.০১.২০২৪ খ্রি:

বিষয়: স্বীকৃতি সংশোধন প্রসঙ্গে

সূত্র: অধ্যক্ষ মহোদয়ের ১০.০১.২০২৪ তারিখের আবেদন এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ-এর ০৫.১২.২০২৩ তারিখের ৬ষ্ঠ মঞ্জুরী কমিটির সভার সুপারিশ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলাধীন 'আখতার সুলতানা মহিলা কলেজ' এর অস্থায়ী স্বীকৃতি(সময়সীমা ০১.০৭.২০২২ তারিখ হতে ৩০.০৬.২০২৫ তারিখ পর্যন্ত কার্যকর) নিম্নলিখিত শর্ত সাপেক্ষে শাখা এবং বিষয় সমূহ নিম্নরূপে সংশোধন করা হলো।

শাখা:	বিষয় সমূহ
১। মানবিক	১। বাংলা
২।	২। ইংরেজি
৩।	৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
	৪। পৌরনীতি ও সুশাসন
	৫। অর্থনীতি
	৬। ইতিহাস
	৭। সমাজবিজ্ঞান
	৮। ইসলাম শিক্ষা

শর্তসমূহ:

- কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/= (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/= (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০)-শিক্ষা, তারিখ ১০ জুন ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি নির্দেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট পাঠাতে হবে।
- কলেজের জন্য নিয়মিত গভর্নি বডি গঠন করে যথাসময়ের মধ্যে গভর্নি বডির সদস্যদের নামের তালিকা অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে (সভাপতির মাধ্যমে)
- উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল আরও উন্নীত করতে হবে।
- উল্লেখ্য, প্রতি পঞ্জিকা বর্ষের প্রতি ৩ (তিন) মাসে গভর্নি বডির ন্যূনতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা, ২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে।
- কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে।  
(ক) উপরোক্ত শর্তসমূহ পূরণ সংক্রান্ত রিপোর্ট  
(খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট  
(গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ১০,০০০/= (দশ হাজার) টাকা বোর্ডের সচিব এর অনুকূলে ব্যাংক রশিদ।

অধ্যক্ষ

আখতার সুলতানা মহিলা কলেজ, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ (EINN111515)

চেয়ারম্যান (চলতি দায়িত্ব) মহোদয়ের আদেশক্রমে

স্বা:

(প্রাণেশ রঞ্জন রায়)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড


ময়মনসিংহ

স্মারক নম্বর-মশিবো/ময়মন/কলেজ/২০২৪/ ২০৮৭ (২০)

তারিখ-১৬.০১.২০২৪ খ্রি:

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- জেলা প্রশাসক, ময়মনসিংহ
- উপজেলা নির্বাহী কর্মকর্তা, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ
- অফিস কপি

  
16.01.2024

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ